

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২১৫২

পর্ব-৮: কুরআনের মর্যাদা (کتاب فضائل القرأن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَرَوَاهُ الدَّارِمِيُّ عَنْ خَالِدِ بْنِ مَعْدَانَ مُرْسَلًا وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

২১৫২-[88] দারিমী মুরসাল হাদীস হিসেবে খালিদ ইবনু মা'দান (রাঃ) হতে বর্ণনা করেছেন। ইমাম তিরমিযী বলেছেন, হাদীসটি হাসান গরীব।[1]

ফুটনোট

[1] হাসান : দারিমী ৩৪২৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: মুসাব্বাহাত ঐ সমস্ত সূরাগুলোকে বলা হয় যার শুরুতে সাব্বাহা লিল্লা-হ অথবা ইউসাব্বিহূ লিল্লা-হ শব্দ ব্যবহার হয়েছে অথবা এর দ্বারা গঠিত 'আমর বা আদেশবাচক শব্দ ব্যবহার হয়েছে। এ জাতীয় সূরাগুলোর মধ্যে অন্যতম হলো সূরা ইসরা-, সূরা হাদীদ, সূরা হাশর, সূরা সফ, সূরা জুমাহ, সূরা তাগাবুন ও সূরা আ'লা-।

এ সূরাগুলোর মধ্যে এমন একটি আয়াত রয়েছে যা হাজার আয়াত অপেক্ষাও উত্তম, সে আয়াত কোনটি? এ নিয়ে মনীষীদের বিভিন্ন বক্তব্য রয়েছে।

কেউ বলেছেন, সেই ফাযীলাতপূর্ণ আয়াতটি হলো, القُرْآنَيْ لَمْذَا الْقُرْآنَ لَمْذَا الْقُرْآنَ... এ আয়াতটি আল্লাহ তা আলার ইসমে



আ'যম এর ন্যায়, যা অন্যান্য নামের উপর বিশেষ মর্যাদা রাখে।

হাফেয ইমাদুদ্দীন ইবনু কাসীর (রহঃ) বলেন, সে আয়াতটি হলো,

﴿ هُوَ الْأُوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴾

মুল্লা 'আলী কারী (রহঃ) বলেন, ওটা ঐ আয়াত যার শুরুতে আত্ তাসবীহ রয়েছে।

'আল্লামা ত্বীবী বলেন, এ আয়াতটি লায়লাতুল কদরের ন্যায় এবং জুমার দিনে দু'আ কবূল হওয়ার মোক্ষম মুহূর্তের ন্যায় গোপন রাখা হয়েছে, যাতে করে মানুষ তা পাওয়ার আশায় সবই তিলাওয়াত করে ফেলে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন